দৈনিক ইত্তেফাক

তারিখ ... AUG 5 ... 1999 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৬ ...

77

# ২৫ জন পরীক্ষার্থীর ফল কারণ ছাড়াই স্থগিত

বাউফল সংবাদদাতা ॥ গত শনিবার জাতীয় বিশ্ববিদ্যালনের ১৯৯৮ সালের ডিগ্রী (পাস) পরীক্ষায় প্রকাশিত ফলাফলে বাউফল ডিগ্রী কলেজের ১৫৮ জন পরীক্ষার্থীর মধ্যে ২৫ জনের ফল স্থগিত দেখানো হইয়াছে কিন্তু উহার কোন কারণ উল্লেখ নাই। একজন পরীক্ষার্থীর (রোল ৪৩৫৭৪) আদৌ কোন ফলাফল ঘোষণা করা হয় নাই। সেই সমস্ত পরীক্ষার্থী ও তাহাদের অভিভাবকের মঙ্গলবার অধ্যক্ষের কক্ষে আসিয়া ক্ষোভ প্রকাশ করেন। এব্যাপারে অধ্যক্ষ হরেন্দ্রনাথ জানান, জাতীয় বিশ্ববিদ্যালয় এই বছর প্রকাশিত ফলাফলে ভুলের সংখ্যা বেশী।